



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৩৩৯



জরুরি

তারিখ ২৯ চৈত্র ১৪২৭

১২ এপ্রিল ২০২১

বিজ্ঞপ্তি

**বিষয়: খাদ্য অধিদপ্তরের অধীন চুক্তিবদ্ধ সকল ধরনের পরিবহণ ঠিকাদারদের পরিবহণ কার্যক্রম আবশ্যিকভাবে অব্যাহত রাখা**

খাদ্য অধিদপ্তরের অধীন চুক্তিবদ্ধ সকল শ্রেণির ঠিকাদারগণের (রেল, সিআরটিসি, মেজর ক্যারিয়ার-চট্টগ্রাম/খুলনা, ডিবিসিসি (খুলনা-বরিশাল/ঢাকা), বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদার, অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার, অভ্যন্তরীণ নৌ-পরিবহণ ঠিকাদার) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার কর্তৃক লকডাউন ঘোষণা করা হলেও নিত্য প্রয়োজনীয় খাদ্যশস্য পরিবহণ ব্যবস্থা সচল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে এ পরিস্থিতিতে পরিবহণ ঠিকাদারগণের সাথে স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী খাদ্য অধিদপ্তরের আওতাধীন সকল শ্রেণির পরিবহণ ঠিকাদারের অনুকূলে জারিকৃত/জারিতব্য চলাচলসূচির আওতায় খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম আবশ্যিকভাবে অব্যাহত রাখা অত্যাবশ্যিক।

সরকারি জরুরি প্রয়োজনে ইতোমধ্যে বৈদেশিকভাবে আমদানিকৃত খাদ্যশস্য বন্দর/ঘাট/সাইলো/সিএসডি/নৌবন্দর হতে দেশের বিভিন্ন এলএসডি/সিএসডিতে ঠিকাদারদের অনুকূলে চলাচলসূচি জারি করা হয়েছে এবং আরও চলাচলসূচি জারির অপেক্ষায় রয়েছে। এ প্রেক্ষাপটে আন্তঃজেলা/আন্তঃবিভাগ জরুরি খাদ্যশস্য পরিবহণের জন্য চুক্তিবদ্ধ সকল শ্রেণির ঠিকাদারগণের অনুকূলে জারিকৃত/জারিতব্য চলাচলসূচির আওতায় খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম আবশ্যিকভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। এছাড়া পরিবহণকাজে জড়িত সংশ্লিষ্ট গাড়িচালক, শ্রমিক ও কর্মচারীগণকে করোনা ভাইরাস হতে সুরক্ষার জন্য প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রি আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে। উল্লেখ্য, ইতোমধ্যে সরকারি খাদ্যশস্য পরিবহণ কাজে নিয়োজিত যানবাহন ও ঠিকাদার/ঠিকাদারে প্রতিনিধিদের চলাচল ও অবস্থান গ্রহণের বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য দেশের সকল জেলা পুলিশ সুপার ও উপপুলিশ কমিশনার কে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের মাধ্যমে স্থানীয় প্রশাসন/আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। এছাড়া চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের কর্মকর্তাদের মোবাইল নম্বরে- (০১৯১৫-৬৩০০২৩, ০১৭১৭-৫৪৭০০৫ ও ০১৭১১-৩১৮৮৩৫) যোগাযোগ করা যাবে। আরও উল্লেখ্য, কোভিড-১৯ পরিস্থিতিতে খাদ্যশস্য পরিবহণকারী ঠিকাদারদের পারফর্মেন্স বিধি মোতাবেক মূল্যায়ন করা হবে।

১৩-৪-২০২১

শেখ মুজিবর রহমান  
মহাপরিচালক

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্যতানুসারে নয়)

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) জেলা পুলিশ সুপার (সকল),
- ৬) প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্টগোলা, ঢাকা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৮) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৯) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১১) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম
- ১২) ব্যবস্থাপক (সকল)
- ১৩) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)...
- ১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৭/২, তোপখানা রোড, ঢাকা
- ১৬) সভাপতি/সাধারণ সম্পাদক, খুলনা মেজর ক্যারিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার ঘৰোর রোড, খুলনা
- ১৭) মেসার্স....., রেল ঠিকাদার/সিআরটিসি/ মেজর ক্যারিয়ার-(খুলনা/চট্টগ্রাম)/ডিবিসিসি (খুলনা-বরিশাল/ঢাকা)/(ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদার)/আইআরটিসি/আইবিসিসি ,  
.....